



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং ১২.২০.০০০০.০১৩.৪১.০০২.১৭

তারিখ: ৩১/০৮/২০১৭খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

কৃষিবিদ ড. ভাগ্য রানী বণিক বিএআরসি'র নতুন নির্বাহী চেয়ারম্যান



কৃষিবিদ ড. ভাগ্য রানী বণিক ৩১ আগস্ট ২০১৭ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে নির্বাহী চেয়ারম্যান পদে যোগদান করেছেন। ড. বণিক ইতোপূর্বে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বিএআরসি'র বিদায়ী নির্বাহী চেয়ারম্যান ড. মোঃ জালাল উদ্দীন এর স্থলাভিষিক্ত হলেন। বিএআরসি'র প্রায় সাড়ে চার দশকের ইতিহাসে এই প্রথম একজন নারী বিজ্ঞানী এ প্রতিষ্ঠানের শীর্ষ পদে আসীন হলেন।

ড. বণিক ১৯৫৮ সালের ৩১ ডিসেম্বর কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার বাগমারায় জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮৩ সালের ৫ সেপ্টেম্বর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। ড. বণিক শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (সাবেক বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট) থেকে ১৯৮২ সালে বিএসসি এজি অনার্স ডিগ্রি লাভ করেন। পরে ১৯৮৭ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) থেকে জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং এ স্নাতকোত্তর ও ২০০৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ড. বণিক চাকরি জীবনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রশিক্ষণ ও যোগাযোগ, তৈলবীজ গবেষণা কেন্দ্র ও মসলা গবেষণা কেন্দ্রের পরিচালক পদে দায়িত্বে নিয়োজিত ছিলেন। তিনি ধান, ভুট্টা, চীনা, কাউন, বার্লি ও মসলা জাতীয় ফসলের উন্নত জাত ও উৎপাদন পদ্ধতি উদ্ভাবনে সক্রিয় অবদান রেখেছেন। জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত তাঁর গবেষণা নিবন্ধের সংখ্যা ৩৭টি।

স্বাক্ষরিত/

(মোঃ মুস্তাফিজুর রহমান)

প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (অ.দা)

মোবাইল: ০১৭১৭-১৭১৯৮৬ ফোন: ৯১৩২৪১২

প্রতি:

বার্তা সম্পাদক/পরিচালক (বার্তা)

দৈনিক.....

ফোন: +৮৮০-২-৯১৩৫৫৮৭, +৮৮০-২-৯১১০৮৪২; ফ্যাক্স: +৮৮০-২-৯১২৮০৬১, +৮৮০-২-৮১১০৯২৪

ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd